

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০১৭ সনে বিদেশে অধ্যয়নের জন্য ভর্তি হয়েছেন এমন বৃত্তিপ্রাপ্ত বাংলাদেশি শিক্ষার্থীদের অনুকূলে এক পথের ভ্রমণ ব্যয়ের আংশিক এককালীন আর্থিক অনুদান প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।**


অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আওতাধীন বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড থেকে বিদেশে অধ্যয়নকারী বাংলাদেশি শিক্ষার্থীদের এক পথের (one way) ভ্রমণ ব্যয়ের আংশিক এককালীন আর্থিক অনুদান প্রদানের জন্য **অনলাইনে** দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### আবেদনকারীর যোগ্যতাঃ

০১. বাংলাদেশি শিক্ষার্থী ০১ জানুয়ারি ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর ২০১৭ সময়ে বিদেশে স্নাতকপূর্ব/স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি পর্যায়ে অধ্যয়নের জন্য ভর্তি হয়ে পূর্ণ বা আংশিক বৃত্তিপ্রাপ্ত হলে;
০২. আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা সনাতন পদ্ধতিতে অনুষ্ঠিত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমানের পরীক্ষার ক্ষেত্রে ন্যূনতম দ্বিতীয় বিভাগ। ২০০১, ২০০২ ও ২০০৩ সালে অনুষ্ঠিত এসএসসি বা সমমান এবং ২০০৩ সালে অনুষ্ঠিত এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.৫০। ২০০৪ ও তৎপরবর্তী সময়ে অনুষ্ঠিত এসএসসি ও সমমান এবং এইচএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.০০। বিশ্ববিদ্যালয়ের ডিগ্রির ক্ষেত্রে ৪ স্কেলে কমপক্ষে ৩.২০ বা সমমান এবং ৫ স্কেলে ৪.০০ সিজিপিএ বা সমমান থাকতে হবে;
০৩. এ ট্রাস্ট ফান্ডের আওতায় ইতোপূর্বে ভ্রমণ মঞ্জুরি না পেয়ে থাকলে;
০৪. বিদেশে উচ্চশিক্ষার জন্য আবেদনকারী দেশী বা বিদেশী অন্য কোন উৎস থেকে ভ্রমণ মঞ্জুরি/এয়ার টিকেট না পেয়ে থাকলে।

### আবেদনের পদ্ধতিঃ

০১. অর্থনৈতিক সম্পর্ক বিভাগের <http://bstf.erd.gov.bd> এই URL ব্যবহার করে কেবলমাত্র নির্ধারিত ফরম পূরণপূর্বক অনলাইনে আবেদন করা যাবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ওয়েবসাইটেও ([www.erd.gov.bd](http://www.erd.gov.bd)) লিংক পাওয়া যাবে;
০২. শিক্ষা সনদ ও নম্বরসীট, Acceptance Letter, Fellowship/Scholarship Award এবং বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান থেকে ভ্রমণ অর্থ প্রদান করা হয়নি বা হবে না মর্মে সনদপত্র, এয়ার টিকেট, পাসপোর্ট আকারের ছবি, নিজ স্বাক্ষরের Scan copy এবং বাংলাদেশ ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত Departure ও সংশ্লিষ্ট দেশের ইমিগ্রেশন কর্তৃক প্রদত্ত Arrival সীল সম্বলিত পাসপোর্ট পৃষ্ঠার Scan copy অনলাইন আবেদনে নির্ধারিত স্থানে Upload করতে হবে;
০৩. মূল এয়ার টিকেটে লেখা অস্পষ্ট থাকলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট মূল সংস্থা/এয়ারলাইন্স থেকে ভ্রমণ ব্যয়ের রশিদ সংগ্রহ করে তা Upload করতে হবে;
০৪. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট নিয়ে সেটিতে স্বাক্ষর করে [bstf@erd.gov.bd](mailto:bstf@erd.gov.bd) এই ইমেইল ঠিকানায় পাঠাতে হবে ও [js-fandf@erd.gov.bd](mailto:js-fandf@erd.gov.bd) ঠিকানায় অনুলিপি দিতে হবে। কোন জিজ্ঞাসার জন্য [info-bstf@erd.gov.bd](mailto:info-bstf@erd.gov.bd) ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে;
০৫. আবেদনের হার্ড কপি প্রেরণ করার প্রয়োজন নেই;
০৬. আগামী ০১ আগস্ট ২০১৮ তারিখ স্থানীয় সময় সকাল ৯.০০ ঘটিকা হতে ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখ স্থানীয় সময় বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত আবেদন করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনভাবেই আবেদন গ্রহণ করা হবে না;
০৭. বাংলাদেশের অর্থনৈতিক ও আর্থ-সামাজিক উন্নয়নের সংগে সম্পর্কযুক্ত পাঠ্য বিষয়সমূহকে মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে;
০৮. দাখিলকৃত তথ্যের অসম্পূর্ণতা, ত্রুটি কিংবা অসঙ্গতির জন্য কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

  
১১.০৭.১৮  
(এ.এস.এম মুস্তাফিজুর রহমান)

উপ সচিব

ফোনঃ ৯১৪০৪৮৫